

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
ঘাট প্রশাসন সংযোগ শাখা।

নম্বর-০৪.০০.০০০০.৫১২.৮২.০৪৬.১৪-৪৮

তারিখ: ১৯ মাঘ ১৪২১
০১ ফেব্রুয়ারি ২০১৫

বিষয়: আইন-শৃঙ্খলা রক্ষা এবং এতদসংক্রান্ত কার্যক্রম সমন্বয়ের জন্য বিভাগীয় পর্যায়ে কোর কমিটি গঠন সংক্রান্ত।

সূত্র: স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নম্বর-৪৪.০০.০০০০.০৭৫.০২.০০২.১৪-৮০ তারিখ: ২৭.০১.২০১৫

উপর্যুক্ত বিষয়ে সূত্রে উল্লিখিত স্মারকের পরিপ্রেক্ষিতে আইন-শৃঙ্খলা রক্ষা এবং এতদসংক্রান্ত কার্যক্রম সমন্বয়ের জন্য বিভাগীয় পর্যায়ে নিম্নরূপভাবে একটি কোর কমিটি গঠন করা হল:

বিভাগীয় কমিশনার	সভাপতি
পুলিশ কমিশনার, মেট্রোপলিটন পুলিশ	সদস্য (প্রয়োজ্য ক্ষেত্রে)
রিজিয়ন কমান্ডার, বিজিবি	সদস্য
উপ-মহাপুলিশ পরিদর্শক	সদস্য
বিভাগীয় অফিস প্রধান, ডিজিএফআই	সদস্য
অধিনায়ক, র্যাব	সদস্য
জোনাল কমান্ডার, কোস্ট গার্ড	সদস্য (প্রয়োজ্য ক্ষেত্রে)
বিভাগীয় অফিস প্রধান, এনএসআই	সদস্য
পরিচালক, আনসার ও ভিডিপি	সদস্য
পুলিশ সুপার, হাইওয়ে পুলিশ	সদস্য
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক)	সদস্য-সচিব

০২। কমিটি প্রয়োজনে যে কোন কর্মকর্তাকে সদস্য হিসাবে কো-অপ্ট করতে পারবে।


০৩। কমিটির কার্যপরিধি:

- (ক) আইন-শৃঙ্খলা রক্ষার প্রয়োজনে বিভিন্ন সূত্র থেকে আগাম তথ্য সংগ্রহ এবং উদ্ভূত পরিস্থিতি মোকাবিলায় তাৎক্ষণিকভাবে পদক্ষেপ গ্রহণ;
- (খ) জেলা কোর কমিটি এবং জেলা সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটিকে প্রয়োজনীয় পরামর্শ ও সহযোগিতা প্রদান;
- (গ) জরুরি পরিস্থিতিতে বিভাগের আইন-শৃঙ্খলা সংক্রান্ত সার্বিক অবস্থা পর্যালোচনা এবং প্রয়োজন অনুযায়ী সভায় মিলিত হয়ে আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ ও এতদসংক্রান্ত কার্যাবলি সমন্বয়ের কার্যকর ব্যবস্থা গ্রহণ; এবং


E:\Nicos folder\Home Ministry\Home Affairs Ministry.U

(ঘ) কোর কমিটির কার্যক্রম সম্পর্কিত প্রতিবেদন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণপূর্বক প্রধানমন্ত্রীর কার্যালয় ও মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিতকরণ।

০৪। উপর্যুক্ত নির্দেশনামতে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।


০২/০২/১৬
(মদনউল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৭৫৪৪৭

ই-মেইল: dfal_sec@ cabinet.gov.bd

বিভাগীয় কমিশনার

ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর।

অনুলিপি:

- ১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ২। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ৩। জেলা প্রশাসক (সকল)।